# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 16 June, 2025

ঝিনাইদহ সদর উপজেলার শংকরপুর গ্রামে মানসিক ভারসাম্যহীন ছেলের কোদালের আঘাতে শাহাদত হোসেন (৬৫) নামের এক কৃষক পিতা নিহত হয়েছেন।সোমবার (১৬ জুন) সকালে গ্রামের মাঠে এই মর্মান্তিক ঘটনাটি ঘটে।পুলিশ ঘাতক ছেলে ফয়সাল হোসেন (২৫) কে আটক করেছে।

স্থানীয় সূত্র ও পরিবারের সদস্যরা জানান, সকালে বাবা শাহাদত হোসেন তার ছেলে ফয়সালকে সঙ্গে নিয়ে মরিচের ক্ষেতে কাজ করছিলেন। এ সময় হঠাৎ করেই ফয়সাল কোদাল দিয়ে বাবার মাথায় আঘাত করেন।এতে ঘটনাস্থলেই শাহাদত হোসেন মারা যান।

ঘটনার পর ফয়সাল বাড়িতে ফিরে গিয়ে তার মাকে সবকিছু জানায়।পরে এলাকাবাসী ও স্বজনরা ঘটনাস্থলে গিয়ে লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেন।পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, “ঘটনার খবর পেয়ে সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।অভিযুক্ত ছেলে ফয়সালকে আটক করা হয়েছে।প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, সে মানসিক ভারসাম্যহীন।

নিহত পুলিশ মরদেহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 22:01

URL: https://timestodaybd.com/khulna/3447775807